''মুজিববর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

মুজিব শতবর্ষ 100

বিষয় : **বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ২য় ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর।

সভার স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

https://us06web.zoom.us/j/84903600129?pwd=VjQvUGZEaXk1MXViVXRrY0R2ZEtFUT09

তারিখ ও সময় : ২৬ জানুয়ারি ২০২৩, সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) কে আহবান জানান।

**আলোচ্যসূচি : বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভায় অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী জানুয়ারি/২৩ এর মধ্যে বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ২য় ফিডব্যাক সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। তিনি আরো জানান, বিভাগীয় কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েবসাইটে ও অধিদপ্তরের সদর কার্যালয়ে প্রমানকসহ হার্ডকপি প্রেরণের নির্দেশনা আছে। তিনি আট বিভাগের পরিচালককে স্ব স্ব কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক মূল্যায়ণ প্রতিবেদনের অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরিচালকগণ মূল্যায়ণ প্রতিবেদনের অগ্রগতি সভায় ধারাবাহিকভাবে অবগত করেন।

উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, অধিকাংশ ক্ষেত্রে প্রমাণক হিসেবে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পোর্টালে আপলোড করা হয়েছে। যা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী** পূর্ণাঙ্গ প্রমাণক হিসেবে গন্য হয় না। যথাসময়ে ওয়েবপোর্টালে ত্রৈমাসিক মূল্যায়ণ প্রতিবেদন আপলোড করা, পৃথক সেবাবক্স প্রস্তুত ও হালনাগাদকরণ এবং অধিদপ্তরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী প্রমাণকসমূহের হার্ডকপি ও সফটকপি (publication@dss.gov.bd)** প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:**

১. শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী প্রমাণকসমূহের হার্ডকপি ও সফটকপি (publication@dss.gov.bd)** প্রেরণ করতে হবে;
২. বিভাগীয় পোর্টালে সেবাবক্স আপলোড/হালনাগাদকরণ করতে হবে;
৩. ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

সভাপতি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ৫টি অংশ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), উদ্ভাবনী কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও ওয়েবপোর্টালে পৃথক সেবাবক্স আপলোড ও হালনাগাদকরণে গুরুত্বারোপ করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: +৮৮০২-৫৫০০৭০২২
ই-মেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৩.২২.৭৬ তারিখ: **২৩** জানুয়ারি ২০২৩

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক ............................ সমাজসেবা অধিদপ্তর।
০৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/ গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। সহকারী পরিচালক ........................ সমাজসেবা অধিদপ্তর।
০৫। জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার (আর.ও ৩) ও এপিএ সমন্বয়কারী, সমাজসেবা অধিদপ্তর।
০৬। জনাব.........................................................

সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।

রকিব আহমেদ
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd